

আড়াইহাজার উপজেলা পরিষদ বন ও পরিবেশ (স্থায়ী) কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
আড়াইহাজার, নারায়নগঞ্জ।
তারিখ : ০৬/০৩/২০২২
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কমিটির সদস্য সচিবকে আজকের সভায় আলোচ্য সূচী অনুযায়ী বক্তব্য উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব মোঃ সঞ্জয় হাওলাদার, ফরেস্টার, সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন।


আলোচ্য সূচীঃ

- ১। আড়াইহাজার উপজেলার অবৈধ করাতকল অভিযান পরিচালনা প্রসঙ্গে।
- ২। বিবিধ।

আলোচ্য বিষয়ঃ সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, আড়াইহাজার উপজেলার পৌরসভা ও বিভিন্ন ইউনিয়নে প্রায় ৩৩ টি অবৈধ করাতকল বিদ্যমান আছে। করাতকল মালিকদের লাইসেন্স করার জন্য বিভিন্ন সময়ে নোটিশ প্রদান করা হলেও সরকারী আইনের তোয়াক্কা না করে রাজস্ব ফাঁকি দিয়ে অবৈধভাবে করাতকল পরিচালনা করিতেছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : আড়াইহাজার উপজেলায় বিদ্যমান সকল অবৈধ করাতকলের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার ব্যাপারে উপজেলা প্রশাসন এবং সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ আড়াইহাজার

ও সভাপতি

উপজেলা বন ও পরিবেশ স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়নগঞ্জ।

তারিখ : ০৬/০৩/২০২২

স্মারক নং

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়নগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ৫। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ৬। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, সোনারগাঁ।



(সঞ্জয় হাওলাদার, ফরেস্টার)

সদস্য সচিব

উপজেলা বন ও পরিবেশ (স্থায়ী) কমিটি

আড়াইহাজার, নারায়নগঞ্জ।